*THE BANGLADESH OBSERVER*

তারিখ ... ... NOV. 12.1999 ...

পৃঃ ১৪ কলাম ৭

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ ১১/বিবিধ-২৭/৯৬(অংশ-১)/৮০১ তারিখ ঃ ২১-১০-৯৯ ইং

# পুনঃ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইংরেজী মাধ্যমে পরিচালিত নার্সারী, কিন্ডারগার্টেন প্রিপ্রারেটরী, জুনিয়র কেমব্রিজ, কেমব্রিজ, সিনিয়র কেমব্রিজ বা সমমানের পাঠক্রম অনুযায়ী শিক্ষাদানকারী স্কুল সমূহের রেজিস্ট্রেশনের জন্য সম্প্রতি বেসরকারী স্কুল (ইংরেজী মাধ্যম) রেজিস্ট্রেশন বিধিমালা, ১৯৯৯ জারী করা হয়েছে। উক্ত বিধিমালা অনুযায়ী বেসরকারী স্কুল স্থাপনকারী বা পরিচালনাকারী ব্যক্তি বা ব্যক্তিগণকে স্কুল রেজিস্ট্রেশনের জন্য নিম্নে বর্ণিত ফিসহ নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের নিকট নির্ধারিত ফরমে আবেদন পেশ করতে হবে ঃ-

| স্কুলের শ্রেণী ও রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ | রেজিস্ট্রেশন ফিস |
|---|---|
| (১) নার্সারী, কিন্ডারগার্টেন ও প্রিপ্রারেটরী স্কুলের জন্য মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর অথবা বিভাগীয় উপ-পরিচালক। | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা মাত্র। |
| (২) জুনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর অথবা আঞ্চলিক উপ-পরিচালক। | ৩,০০০/- (তিন হাজার) টাকা মাত্র। |
| (৩) কেমব্রিজ ও সিনিয়র কেমব্রিজ বা সমমানের স্কুলের জন্য সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড। | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা মাত্র। |

২। উল্লেখ্য, যাঁরা রেজিস্ট্রেশন বিহীন স্কুল পরিচালনা করছেন তাদেরকে ৩১-০৮-৯৯ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে রেজিস্ট্রেশন নেয়ার লক্ষে পরামর্শ দেয়া হয়েছিল কিন্তু সময় স্বল্পতার জন্য এখনও অনেকে আবেদন করতে পারেনি তাঁদের আবেদন করার সুবিধার্থে ৩০ শে নভেম্বর, ১৯৯৯ পর্যন্ত সময় বর্ধিত করা হয়েছে।

৩। অতএব, যাঁরা এখনও রেজিস্ট্রেশন বিহীন স্কুল পরিচালনা করেছেন, তাঁদেরকে আগামী ৩০-১১-৯৯ ইং তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে রেজিস্ট্রেশন নেয়ার লক্ষ্যে নির্ধারিত ফরমে আবেদন করার জন্য পুনঃ পরামর্শ দেয়া গেল। এ সময় সীমার মধ্যে যাঁরা আবেদন করেত ব্যর্থ হবেন তাঁদের বিরুদ্ধে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

(মোঃ সাবের হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ৮৬৩৬৪০-৪৯/৩৯৮৮

ডিএফপি-২৩৬৭৮-২৫/১০/৯৮

জিসি-৪৮৫৩